

# পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০

সাকুলার- ৪/২০১৬

তারিখ : ১৪ - ০৬ - ২০১৬

কনভেনার প্রাইমারী ইউনিট, ওয়েবকুটা/ জেলা সম্পাদক

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

বিধানসভা নির্বাচনের কারণে আপনাদের সাথে প্রায় দীর্ঘ দু'মাস প্রত্যক্ষ যোগাযোগ রাখা সম্ভব হয়নি। এর মধ্যে বেশ কিছু কলেজ নির্বাচনী কাজে ব্যবহারের উদ্দেশ্যে দীর্ঘদিন বন্ধ ছিল। ফলে সব কটি জেলা থেকে সভ্যপদ সংগ্রহের কাজটি সমানতালে গুটিয়ে আনা যায়নি। যেহেতু এবছর সমিতির কর্ম সমিতির নির্বাচন প্রক্রিয়া ইতিমধ্যে শুরু হয়ে গেছে তাই বন্ধুদের কাছে অনুরোধ, যত দ্রুত সম্ভব সভ্যপদ সংগ্রহের কাজ শেষ করে সাথে সাথে তা সদস্যদের নামের তালিকা সহ সমিতি দপ্তরে জমা দিন।

আমরা খবর পেয়েছি বিধানসভা নির্বাচনের কারণে বহু কলেজ কনভেনার ও জেনারেল কমিটির সদস্য নির্বাচনের কাজটি বিলম্বিত হচ্ছে। ইলেকশন বোর্ড ও কর্মসমিতির সভায় বিষয়টি আলোচিত হয়ে জেনারেল কমিটির সদস্য নির্বাচন ও কর্মসমিতির নির্বাচনে মনোনয়ন পেশ করার দিনক্ষণের কিছু পরিবর্তন করা হয়েছে। আশাকরি সংশোধিত সূচি মেনে আপনারা দ্রুত কনভেনার ও জেনারেল কমিটির সদস্যদের নাম সমিতি দপ্তরে জমা দেবেন।

ইতিমধ্যে ১১ জুন ২০১৬ কর্মসমিতির সভায় সর্বসম্মতিতে সিদ্ধান্ত হয় দীর্ঘদিনের অমিমাংসিত পেশাগত দাবিগুলি নিয়ে DPI -র কাছে ডেপুটেশন দেওয়ার। তদনুযায়ী গত ১৩ জুন সোমবার আমরা সমিতির পক্ষ থেকে DPI -কে ডেপুটেশন দিয়েছি। আরো তিনজন আধিকারিককে সঙ্গে নিয়ে DPI দীর্ঘক্ষণ আমাদের দাবিগুলি মনোযোগ সহকারে শুনেছেন ও আলোচনা করেছেন। আমরা শুনতে পেয়েছি সরকারি কর্মীদের জন্য ঘোষিত ১০% Interim Relief -এর তালিকা থেকে কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের বাদ দেওয়া হয়েছে। আমরা UGC বেতনক্রম ভুক্ত বলে নাকি আমাদের বাদ দেওয়া হয়েছে। অথচ অতীতে আমরা একাধিকবার এধরনে Interim Relief পেয়েছি। আমরা সমিতির পক্ষ থেকে সরকারের এই সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ জানিয়ে বিষয়টি পুনর্বিবেচনার আবেদন জানিয়েছি। ষষ্ঠ বেতনক্রমের ১৫% (কিছু ক্ষেত্রে ১৮%) বকেয়া ও DA -র বিষয়টি নিয়ে আমরা কোনো সদর্থক আশ্বাস পাইনি। M.Phil/Ph.D -র ইনক্রিমেন্ট এর বিষয়টি নিয়ে ১৩০জন বন্ধুকে দিয়ে আদালতের দ্বারস্থ হয়েছি। মনে রাখবেন আপনারা সংগ্রাম তহবিলে টাকা না দিলে এই লড়াই চালিয়ে যাওয়া সম্ভব হবে না। DPI কে দেওয়া ডেপুটেশানের কপি ইতিমধ্যে আমরা সমিতির website -এ দিয়েছি। আশাকরি, আপনাদের তা নজরে এসেছে। বাকি বিষয়গুলি নিয়ে সদর্থক আলোচনা হয়েছে। ৩০০ দিনের ছুটির বেতন, FDP সংক্রান্ত ছুটি অনুমোদন, পুরোনো রেগুলেশান অনুযায়ী M.Phil/Ph.D থাকলে ৯/১০ বছরের প্রমোশন সংক্রান্ত সুবিধা প্রদান, নতুন রেগুলেশানের কার্যকর হবার দিন ৩০-০৬-২০১০ থেকে বাড়িয়ে ১৮-০৯-২০১০ করা ইত্যাদি বিষয়গুলি নিয়ে সদর্থক আলোচনা হয়েছে।

UGC রেগুলেশান ২০১০ তৃতীয়বার সংশোধিত হয়ে যে আকার নিয়েছে তা সহকর্মী বন্ধুদের প্রমোশনের কাজকে আরো জটিল করে তুলবে। AIFUCTO এই সংশোধিত রেগুলেশান প্রত্যাহারের দাবি জানিয়েছে। আমরা সমিতির পক্ষ থেকে এক ই মত পোষন করি এবং সংশোধন প্রক্রিয়ার বিপজ্জনক দিকগুলি আপনাদের জ্ঞাতার্থে যত দ্রুত সম্ভব সমিতির website -এ দেওয়ার চেষ্টা করছি।

আপনারা ভালো থাকবেন।

অভিনন্দন সহ

প্রতিমা প্রহরাজ  
(প্রতিনাথ প্রহরাজ)  
সাধারণ সম্পাদক

## ELECTION SCHEDULE : 2015-2017

<b>Last date of Election of Convener</b>	<b>:</b>	<b>31.03.2016 (Thursday)</b>
<b>Last date of Election of Ordinary Members of General Committee (in Primary Unit)</b>	<b>:</b>	<b>15.07.2016 (Friday)</b>
<b>Publication of List of the Ordinary Members of the General Committee</b>	<b>:</b>	<b>25.07.2016 (Monday)</b>
<b>Issue of Nomination Paper for the above</b>	<b>:</b>	<b>01.08.2016 (Monday)</b>
<b>Last date of submitting Nomination</b>	<b>:</b>	<b>10.08.2016 (Wednesday)</b>
<b>Scrutiny of Nomination Papers</b>	<b>:</b>	<b>12.08.2016 (Friday)</b>
<b>Date of Withdrawal</b>	<b>:</b>	<b>13.08.2016 (Saturday)</b>
<b>Date of Publication</b>	<b>:</b>	<b>13.08.2016 (Saturday)</b>
<b>Issue of Ballot Papers</b>	<b>:</b>	<b>17.08. 2016 (Wednesday)</b>
<b>Date of Polling for election of members to Executive Committee</b>	<b>:</b>	<b>09.09.2016 (Friday)</b>
<b>Counting of Votes for the above and Declaration of the result thereof</b>	<b>:</b>	<b>28. 09. 2016 (Wednesday)</b>